

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ

ঢাকা-১০০০।

এস. আর. ও. নং/২০২২।- বীমা আইন, ২০১০ এর ধারা ৬৭ এর উপধারা ২ এর উদ্দেশ্য পূরণকল্পে ধারা ১৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে, কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে নিয়ন্ত্রণ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**- (১) এই প্রবিধানমালা লাইফ বীমাকারীর একচুয়ারির যোগ্যতা, দায়িত্ব ও কর্তব্য প্রবিধানমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়-

(ক) “আইন” অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন);

(খ) “কর্তৃপক্ষ” অর্থ আইনের ধারা ২(১০) এ উল্লিখিত কর্তৃপক্ষ;

(গ) “একচুয়ারি (Actuary)” অর্থ বীমা আইন, ২০১০ এর ধারা ২ (৮) এ বর্ণিত একচুয়ারি;

(ঘ) “অনিবাসী” অর্থ এমন এক ব্যক্তি যিনি বাংলাদেশের বাসিন্দা হিসাবে গণ্য নন;

(ঙ) “নিবাসী” অর্থ এমন একজন ব্যক্তি যিনি বাংলাদেশে স্থায়ীভাবে বসবাস করেন এবং অনিবাসী হিসাবে বিবেচিত নহেন।

(২) এই প্রবিধানমালায় যেই সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, এই প্রবিধানমালায়ও উক্ত অর্থে প্রযোজ্য হইবে।

৩। **একচুয়ারির যোগ্যতা।**- যে কোন ব্যক্তি একচুয়ারি হিসাবে প্রত্যয়নকারী বা স্বাক্ষরকারী হইবেন যিনি-

(ক) বাংলাদেশের নিবাসী ও অনিবাসী ব্যক্তি;

(খ) ইন্সটিটিউট এ্যান্ড ফ্যাকাল্টি অব একচুয়ারিজ, যুক্তরাজ্য এর একজন ফেলো; বা

(গ) সোসাইটি অব একচুয়ারিজ, যুক্তরাষ্ট্র এর একজন ফেলো; বা

(ঘ) একচুয়ারিজ ইন্সটিটিউট, অস্ট্রেলিয়া এর একজন ফেলো; বা

(ঙ) ইন্সটিটিউট অব একচুয়ারিজ অব ইন্ডিয়া এর একজন ফেলো; বা

(চ) ইন্টারন্যাশনাল একচুয়ারিয়াল এসোসিয়েশন (আইএএ) এর পূর্ণ সদস্যভূক্ত পেশাগত একচুয়ারিয়াল সংস্থার একজন ফেলো; বা

(ছ) সংশ্লিষ্ট একচুয়ারিয়াল বিষয়ে অন্যন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ উল্লিখিত যে কোন পেশাগত একচুয়ারিয়াল সংস্থার একজন এসোসিয়েট।

তবে শর্ত থাকে যে, যেইক্ষেত্রে আইনের বিধান পালনের জন্য একজন অনিবাসী একচুয়ারির সেবা গ্রহণ করিতে অনুমোদনের নিমিত্ত বীমাকারী কর্তৃক কর্তৃপক্ষের বরাবরে আবেদন করা হইবে, সেইক্ষেত্রে কর্তৃপক্ষ উপর্যুক্ত শর্তে উক্ত ব্যক্তিকে নিয়োগকৃত একচুয়ারি হিসাবে প্রত্যয়ন বা স্বাক্ষর করিবার আবেদন মণ্ডুর করিতে পারিবে।

22 AUG 2022

১

মোহাম্মদ নাজুল হারী

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

৪। একচুয়ারির ক্ষমতা- (১) বীমাকারীর তত্ত্বাবধায়নে সংরক্ষিত থাকা যাবতীয় তথ্য, হিসাব ও হিসাবের বহি বা দলিলাদিতে একজন একচুয়ারির প্রবেশাধিকার থাকিবে, যদি উক্তরূপ তথ্য, হিসাব ও হিসাবের বহি বা দলিলাদি নিয়োগকৃত একচুয়ারির দায়িত্ব ও কার্যবালী সম্পাদনে প্রয়োজনীয় হয়।


(২) উপ-প্রবিধান (১) এর উদ্দেশ্য পূরণকল্পে বীমাকারীর নিকট হইতে নিয়োগকৃত একচুয়ারি প্রয়োজনীয় যেকোন তথ্য, হিসাব ও হিসাবের বহি বা দলিলাদি চাহিতে পারিবেন।

(৩) আইনের ধারা ৩০ এর অধীন প্রণীত একচুয়ারিয়াল প্রতিবেদন ও সংক্ষিপ্তসার যেই পর্যন্ত সভায় উপস্থাপিত হইবে সেই পর্যন্ত সভায় নিয়োগকৃত একচুয়ারি যোগদান করিতে পারিবেন এবং পরিচালনা পর্যন্তকে একচুয়ারি প্রতিবেদন ও সংক্ষিপ্তসারসহ বীমাকারীর সলভেন্সি মার্জিন, ব্যবস্থাপনা ব্যয়, বিনিয়োগ আয় ইত্যাদি সম্পর্কে পরামর্শ প্রদান করিতে পারিবেন।

৫। একচুয়ারির দায়িত্ব ও কর্তব্য-

- (ক) বীমাকারীর ব্যবস্থাপনায়, বিশেষতঃ পরিকল্পন প্রণয়ন, প্রিমিয়াম আয়, বীমাচুক্তির শর্তাদি নির্ধারণ, বিনিয়োগ, ব্যবস্থাপনা ব্যয়, পুন:বীমা ও বুঁকি ব্যবস্থাপনা ইত্যাদি ক্ষেত্রে একচুয়ারিয়াল সেবা ও পরামর্শ প্রদান;
- (খ) বীমাকারীর সলভেন্সি মার্জিন প্রবিধানমালায় নির্ধারিত পরিমাণ ও পদ্ধতি অনুযায়ী নিরূপণ, এতদসংক্রান্ত অনুসন্ধান এবং অনুসন্ধানের ফলাফলের ভিত্তিতে পরামর্শ প্রদান;
- (গ) অনুন্তীর্ণ ঝুঁকির জন্য সঞ্চিতি (Reserve for unexpired risk) সমূহের পর্যাপ্ততা নিরূপণ;
- (ঘ) কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনাবলি পরিপালনে বীমাকারীর পরিচালনা পর্যন্তকে পরামর্শ বা সহায়তা প্রদান;
- (ঙ) প্রত্যেক বৎসরে অন্ততঃ একবার দায়ের মূল্যায়নসহ বীমাকারীর আর্থিক অবস্থা নিরূপণের জন্য অনুসন্ধান পরিচালনা করা;
- (চ) ইস্যুকৃত যে কোন পরিকল্পনের প্রিমিয়াম হার, সুবিধা ও শর্ত সংক্রান্ত প্রত্যয়ন করা এবং উক্ত হারে পরবর্তীতে কোন পরিবর্তন প্রত্যয়ন করা;
- (ছ) দায় মূল্যায়ন ও অংশগ্রহণকারী পলিসি গ্রাহকগণকে উদ্বৃত্ত বন্টনের বিষয়ে যুক্তিসংগত প্রত্যাশা বিবেচনা করা হইয়াছে মর্মে নিশ্চিত করা;
- (জ) বীমা পলিসিগ্রাহক এবং অন্যান্য অংশীজন (Stakeholders) এর স্বার্থের জন্য বা বীমাকারীর জন্য ক্ষতিকর বলিয়া প্রতীয়মান হয়, এমন বিষয়ে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করা।

কর্তৃপক্ষের আদেশক্রমে

 22 AUG 2022
মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ